# এনডিপি বার্তা

এপ্রিল - জুন, ২০২২ । সংখ্যা ৩২ । বর্ষ ১৪


## সূচিপত্র


- পিকেএসএফ কর্তৃক ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের কার্যক্রম পরিদর্শন ১
- মহিলা বিষয়ক অধিদপ্তরের 'মহা-পরিচালক' এর অভ্যাগমন
- প্রকল্প বাস্তবায়নে জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে মতবিনিময়
- এনডিপি'র নির্বাহী পরিচালকের পক্ষ হতে ঈদ উপহার ২
- এনজিও বিষয়ক ব্যুরো এর মহা-পরিচালক কর্তৃক কার্যক্রম পরিদর্শন
- জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২২
- গুরুদাসপুরে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান ৩
- ব্রাজ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন
- অনলাইন মার্কেট প্লেস ই-বসনের আনুষ্ঠানিক উদ্বোধন
- এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি ৪
- কৈশোর কর্মসূচির কৃতি শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ সৌহার্দ্য ৩ ও উপজেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে বিশ্ব স্বাস্থ্য দিবস-২০২২
- মা ও শিশু সহায়তা কর্মসূচির ত্রৈমাসিক সমন্বয় সভা ৫
- CEMB প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা
- কক্সবাজারে মা ও শিশু সহায়তা কর্মসূচি এবং মাতৃত্বকাল ভাতা প্রশিক্ষণ
- এপ্রিল-জুন ২০২২ প্রকল্প শুরু বা শেষ এর সংক্ষিপ্ত বিবরণ ৬
- পানিতে ডোবা প্রতিরোধে জেলা পর্যায়ে মতবিনিময় সভা
- এসইপি-ডেইরী প্রকল্পের বিশ্ব দুগ্ধ দিবস-২০২২
- আলোকিত গ্রাম কর্মসূচির মুরগীর বাচ্চা ও ছাগল বিতরণ ৭
- বিশ্ব পরিবেশ দিবস-২০২২
- এমফোরসি প্রকল্পের স্কয়ার কোম্পানীর সাথে লিংকেজ স্থাপন
- ইইএস প্রকল্পের "নিরাপদ খাদ্য বিষয়ক র‌্যালী ও আলোচনা সভা" ৮
- এনডিপি ফিড এর মাসিক সমন্বয় সভা
- জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির কমিউনিটি লিগ্যাল এইড ক্লিনিক
- লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামের খামারি প্রশিক্ষণ ৯
- গ্লোবাল ট্রেড লিঃ এর সাথে চুক্তি স্বাক্ষর
- রাজশাহীতে সিজিবিভি প্রকল্পের সমাপনী সভা
- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিশেষ ক্যাম্প ১০
- ঝুঁকি পূর্ণ শিশু শ্রম নিরসন শিক্ষা কেন্দ্র পরিদর্শন
- গৃহহীনদের মাঝে গৃহ ঋণ বিতরণ
- গুরুদাসপুরে সমৃদ্ধি কর্মসূচীর ফ্রি স্বাস্থ্য ক্যাম্প ১১
- এনডিপি'র ৩০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন ১২



## সম্পাদনা পরিষদ

সম্পাদক ঃ

মোঃ আলাউদ্দিন খান

নির্বাহী পরিচালক

প্রণয়নে ঃ

মোঃ জানাফার ইসলাম

সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

প্রকাশনায় ঃ

রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)


## পিকেএসএফ এর ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের কার্যক্রম পরিদর্শন



*পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর ব্যবস্থাপনা পরিচালক ও সাবেক সচিব জনাব ড. নমিতা হালদার, এনডিসি কে ফুলেল শুভেচ্ছা জানান সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান*

গ্রীণ কাইমেট ফান্ড (জিসিএফ) এর অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলার ০৩ টি (নয়ারহাট, চিলমারী ও রমনা) ইউনিয়নে এবং চর রাজীবপুর উপজেলার ০১ টি (কোদালকাটি) ইউনিয়নে মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন করছে দেশের অন্যতম বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। মূলত বন্যাপ্রবণ জনগোষ্ঠীর বন্যা মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধি করাই প্রকল্পের একমাত্র উদ্দেশ্য।

প্রকল্পের ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে ২৯ মে ২০২২ (রবিবার) পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর ব্যবস্থাপনা পরিচালক ও সাবেক সচিব জনাব ড. নমিতা হালদার, এনডিসি মহোদয়ের নেতৃত্বে একটি পরিদর্শক দল প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন। তিনি চর রাজিবপুর উপজেলার কোদালকাটি ইউনিয়নের আদর্শ পাড়া (উত্তর কোদালকাটি) ও দক্ষিণ চর সাজাই গ্রামে বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। এসময় উপজেলা নির্বাহী অফিসার অমিত চক্রবর্তী এর উপস্থিতিতে মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানান এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান।

শুভেচ্ছা বক্তব্যে প্রকল্প সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করেন প্রকল্প সমন্বয়কারী মোঃ হাবিবুর রশিদ। এসময় পরিদর্শক দল কর্ম-এলাকার উপকারভোগীদের সাথে মতবিনিময় করেন। পরিদর্শন শেষে পিকেএসএফ এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বলেন, **ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের কার্যক্রম হয়তো একদিন শেষে হয়ে যাবে কিন্তু এ প্রকল্পের মাধ্যমে আপনারা যে জ্ঞান অর্জন করেছেন তা কোন দিনই ফুরিয়ে যাবে না। মেয়াদ শেষেও প্রকল্পের প্রভাব দিনের পর দিন চলমান থাকবে। আর সেটিই হবে প্রকল্প বাস্তবায়নের স্বার্থকতা।** পরিদর্শন দলে উপস্থিত ছিলেন- ডঃ একেএম নুরুজ্জামান, মহাব্যবস্থাপক (পরিবেশ ও জলবায়ু পরিবর্তন), পিকেএসএফ, ডঃ এবিএম সাজ্জাদ হোসেন, পরিচালক (পিআরএম), এনডিপি, সেলিনা শরীফ উপ-মহাব্যবস্থাপক, পিকেএসএফ, মোঃ মামুন উর রশিদ, উপ-ব্যবস্থাপক, পিকেএসএফ, মোঃ মাহমুদুজ্জামান ডেপুটি ম্যানেজার (পরিবেশ ও জলবায়ু পরিবর্তন), পিকেএসএফসহ প্রকল্প সম্পর্কিত অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## মহিলা বিষয়ক অধিদপ্তরের ‘মহা-পরিচালক’ এর অভ্যাগমন



*মহিলা বিষয়ক অধিদপ্তরের মহা-পরিচালক ফরিদা পারভীনকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন এনডিপি’র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান*

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর কার্যক্রম পরিদর্শন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মহিলা বিষয়ক অধিদপ্তরের মহা-পরিচালক ফরিদা পারভীন। ১৪ মে ২০২২ সকাল ১১ ঘটিকায় তিনি সংস্থার প্রধান কার্যালয়ে উপস্থিত হন। এসময় সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান তাকে ফুলেল শুভেচ্ছা জানান। মহা-পরিচালক মহোদয় এর সাথে আরো উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণায়নের যুগ্ম সচিব (বাজেট ও অডিট) মোসা. ফেরদৌসী বেগম। মূলত সিরাজগঞ্জ জেলার সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে মত বিনিময় এর উদ্দেশ্যে তিনি এ সংক্ষিপ্ত সফরে অংশগ্রহণ করেন। অতঃপর এনডিপি প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত আলোচনা সভায় অংশ্রগ্রহণের মাধ্যমে তিনি এনডিপি’র ভূয়সী প্রশংসা করেন। একইসাথে এনডিপি তার সুনাম অক্ষুন্ন রেখে কার্যক্রম বাস্তবায়ন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। আলোচনা পরবর্তীতে ডিজি মহোদয় সংস্থার প্রধান কার্যালয়ে ‘‘পিচ ফল (বৈজ্ঞানিক নামঃ প্রুনাস পারসিকা)’’ নামক চারা গাছ রোপন করেন। এসময় জেলা মহিলা বিষয়ক কার্যালয়ের উপ-পরিচালক কানিজ ফাতেমাসহ সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও এনডিপি’র কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## প্রকল্প বাস্তবায়নে জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে মতবিনিময়

বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে মৌসুমি বন্যায় আগাম সাড়াদান প্রকল্প-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে সিরাজগঞ্জ জেলার দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। United Nation CERF এর অর্থায়নে World Food Programme (WFP) এর সহযোগিতায় সিরাজগঞ্জ জেলার ৬টি উপজেলায় প্রকল্পটি বাস্তবায়িত হবে। ৩১ মে ২০২২ (মঙ্গলবার) সিরাজগঞ্জ জেলা প্রশাসক সভা কক্ষে মতবিনিময় সভার আয়োজন করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ মনির হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ। এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, আপনারা যেমন বন্যায় আগাম সাড়াদান প্রকল্প বাস্তবায়ন করছেন ঠিক তেমনি অন্যান্য প্রাকৃতিক দূর্যোগের ক্ষেত্রেও যদি ক্ষতিগ্রস্থ মানুষদের ক্ষতির পরিমান হ্রাস করা যায় তবে তারা উপকৃত হবে। পাশাপাশি প্রকল্প বাস্তবায়নে আপনারা যে ডাটাবেজ তৈরি করবেন তার মাধ্যমে একইব্যক্তি যেন একাধিকবার সুবিধা না পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। একইসাথে তিনি তথ্য গ্রহণের ক্ষেত্রে নির্ভুল ও নিরপেক্ষভাবে তথ্য সংগ্রহের আহ্বান জানান।

এনডিপি’র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান এর সঞ্চালনায় প্রকল্পের উদ্দেশ্যে বিস্তারিত উপস্থাপন করেন ডাব্লিউএফপি এর প্রতিনিধি মোঃ নূরুল আমীন। সভায় শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন জেলা ত্রান ও পূর্বাসন কর্মকর্তা মোঃ আক্তারুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সিভিল সার্জন ডা. রাম পদ রায়, উপজেলা নির্বাহী কর্মকর্তা (সদর) মাশুকাতে রাব্বি, জেলা প্রেসক্লাব সভাপতি হেলাল আহমেদ ও ডাব্লিউএফপি এর প্রতিনিধি মো. সাদেক আলী। এছাড়াও সভায় জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যগণ অংশগ্রহন করেন।




*মতবিনিময় সভায় উপস্থিত আছেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ।*

## এনডিপি’র নির্বাহী পরিচালকের পক্ষ হতে ঈদ উপহার



*উপহার তুলে দিচ্ছেন সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান*

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে দরিদ্র মানুষের মাঝে ঈদ উপহার তুলে দেন এনডিপি’র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। নির্বাহী পরিচালক মহোদয় এর স্ব-উদ্যোগে ২৭ এপ্রিল ২০২২ কামারখন্দ উপজেলার ঝাঔল ইউনিয়নের বাগবাড়ী গ্রামে ৫০ জন অসহায় পরিবারের হাতে এ উপহার তুলে দেয়া হয়। প্রত্যেক পরিবারকে ১০ কেজি সিদ্ধ চাল, ১ কেজি তেল, ১ কেজি চিনি, ৫০০ গ্রাম সেমাই, ১ কেজি লবনসহ ১টি করে সুগন্ধি সাবান প্রদান করা হয়। বাগবাড়ী গ্রামে অবস্থিত রিজিয়া মকছেদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে উপহার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনডিপি এর উপ পরিচালক (কর্মসূচি) ও এনডিপি ফিড এর মহা-ব্যবস্থাপক আবু নাইম মো. জুবায়ের খান ও ঝাঔল ইউনিয়ন আওয়ামী লীগ এর সাধারণ সম্পাদক মো. আমিনুল ইসলাম খানসহ স্থানীয় বয়জেষ্ঠ্য ব্যক্তিবর্গ।

বিতরণকালে নির্বাহী পরিচালক মহোদয় বলেন, ‘‘এ উপহার সমাজে যারা নিম্নবিত্ত মানুষ আছে তাদের হক, যা আল্লাহ নিজে নির্ধারন করে দিয়েছেন। তাই আপনারা এগুলো দান হিসেবে নয় বরং নিজেদের হক বা অধিকার হিসেবে গ্রহণ করবেন।’’ এছাড়াও এনডিপি’র নির্বাহী পরিচালকের ব্যক্তিগত উদ্যোগে অসহায় ও দরিদ্র মানুষের মাঝে শাড়ী-কাপড়, লুঙ্গি ও নগদ অর্থ প্রদান করা হয়েছে।

## এনজিও বিষয়ক ব্যুরো এর মহা-পরিচালক কর্তৃক কার্যক্রম পরিদর্শন



*এনজিও বিষয়ক ব্যুরো এর মহা-পরিচালক কে.এম. তারিকুল ইসলাম মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন এনডিপি'র পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন*

জাতীয় পর্যায়ের অন্যতম বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর কার্যক্রম পরিদর্শন করেন এনজিও বিষয়ক ব্যুরো এর মহা-পরিচালক কে.এম. তারিকুল ইসলাম। পরিকল্পনা অনুযায়ী ২২ মে ২০২২ দিনব্যাপি এনডিপি বাস্তবায়িত বিভিন্ন প্রকল্প হতে ৩টি প্রকল্প তিনি পরিদর্শন করেন।

শুরুতেই সংস্থার পক্ষ হতে মহা-পরিচালক মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানান এবং সংক্ষিপ্ত প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও কার্যক্রম সম্পর্কে অবহিত করেন এনডিপি'র পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন। এসময় মহা-পরিচালক মহোদয় বলেন, 'দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সরকারের পাশাপাশি বেসরকারী উন্নয়ন সংস্থা গুলোর ভূমিকাও অপরিসীম। বিশেষ করে দেশ স্বাধীন হবার পরবর্তী সময়ে। যদিও এখন সকল ক্ষেত্রেই দেশের উন্নয়ন হয়েছে পাশাপাশি দেশের মানুষের জীবন-যাপনেও উন্নতি এসেছে। তিনি বিদেশী বিনিয়োগ এর কথা উল্লেখ করে বলেন- ভবিষ্যতে হয়তো বৈদেশিক দাতা সংস্থাগুলোর দৃষ্টি পরিবর্তন হবে, তাই আমাদের উচিত উন্নয়ন কাজের পাশাপাশি বিভিন্ন এন্টারপ্রাইজ ডেভেলপ করা।'

পরবর্তীতে তিনি এনডিপি'র নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত 'প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচি'র শিশু স্বর্গ পরিদর্শন করেন। সদর উপজেলার কালিয়া হরিপুর ইউনিয়নে পরিদর্শনকালে তিনি বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ও তাদের মায়েদের সাথে কথা বলেন। একই স্থানে বাস্তবায়িত কৈশোর কর্মসূচির কার্যক্রম পরিদর্শনকালে 'কান্দাপাড়া কিশোরী ক্লাব' এর নেত্রীবৃন্দ ও সদস্যদের সাথে মতবিনিময় করেন। পাশাপাশি তিনি নিয়মিতভাবে কর্মসূচির কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংস্থার দৃষ্টি আকর্ষন করেন এবং কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করেন।

পরিশেষে তিনি মানুষের জন্য ফাউন্ডেশন এর অর্থায়নে পরিচালিক সিজিবিভি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন। এসময় তিনি প্রকল্পের আওতাভুক্ত কিশোর-কিশোরী দলের দলনেতা-সদস্য, যুবদলের দলনেতা-সদস্য এবং পুরুষ ও মহিলা দলের দলনেতা ও সদস্যদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময় পরবর্তীতে তিনি তাদের সচেতনতা দেখে মুগ্ধ হণ এবং এনডিপি ভবিষ্যতেও এরুপ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করবে বলে প্রত্যাশা করেন।

দিনব্যাপি পরিদর্শনে উপস্থিত ছিলেন সংস্থার পরিচালক (কর্মসূচি) মোহাঃ শাহ্ আজাদ ইকবাল, পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান, সহাকারী ব্যবস্থাপক (আরএন্ডডি) মো. জানাফার ইসলামসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২২




*র‍্যালীতে উপস্থিত আছেন মাননীয় জেলা ও দায়রা জজ এবং চেয়ারম্যান জেলা আইনগত সহায়তা প্রদান কমিটি জনাব ফজলে খোদা মোঃ নাজির*

দরিদ্র ও অসহায় বিচারপ্রার্থী জনগণকে সরকারি খরচে আইনি সহায়তার লক্ষ্যে সরকার ২০০০ সালে **আইনগত সহায়তা প্রদান আইন-২০০০** নামে একটি আইন প্রণয়ন করে। আইনের আওতায় জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা প্রতিষ্ঠা করা হয়। ২০০৯ সাল থেকে এ কার্যক্রম ব্যাপকভাবে শুরু হয়। মূলত আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে অসমর্থ বিচার প্রার্থীকে সরকারি আইনি সহায়তা কার্যক্রম সম্পর্কে সচেতন করে তুলতে ২০১৩ সাল থেকে দেশে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত হয়ে আসছে। **"বিনা খরচে নিন আইনী সহায়তা, শেখ হাসিনার সরকার দিচ্ছে এই নিশ্চয়তা"** এই প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা আইনগত সহায়তা কমিটির আয়োজনে এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর অংশগ্রহণে জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২২ পালন করা হয়।

২৮ এপ্রিল দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন মাননীয় জেলা ও দায়রা জজ এবং চেয়ারম্যান জেলা আইনগত সহায়তা প্রদান কমিটি জনাব ফজলে খোদা মোঃ নাজির। আলোচনা সভায় বক্তাগণ দিবসের প্রতিপাদ্য তুলে ধরে আলোচনা করেন। অনুষ্ঠানে বিজ্ঞবিচারক মন্ডলী, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, আইনজীবি, বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তাবৃন্দ, এনডিপিসহ অন্যান্য বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক্স মিডিয়ার সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## গুরুদাসপুরে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান

পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) বাস্তবায়িত সমৃদ্ধি ও প্রবীণ জনগোষ্ঠির জীবন মান উন্নয়ন কর্মসূচীর উদ্যোগে তিন দিনব্যাপি বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। ১৯, ২০ ও ২২ শে জুন নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউনিয়নের শিক্ষা সহায়তা কেন্দ্রের ছাত্রছাত্রী, যুবসমাজ ও প্রবীণদের সমন্বয়ে এক অনাড়ম্বর পরিবেশে এ আয়োজন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রতিযোগিদের পুরষ্কার বিতরণসহ ০৩ জন অসহায় শারিরীক প্রতিবন্ধী প্রবীণকে ০৩ টি হুইল চেয়ার প্রদান, ইউনিয়নের শ্রেষ্ঠ ০৫ জন পিতা ও শ্রেষ্ঠ ০৫ জন পুত্রকে সম্মান জানিয়ে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

উল্লেখ্য মশিন্দা ইউনিয়নের ৯ টি ওয়ার্ড থেকে নির্বাচিত ১৪ জন প্রবীণ ও ১৪ জন নবীন এর সমন্বয়ে গঠিত ব্যাতিক্রমী খেলা প্রবীণ ফুটবল দল বনাম নবীন ফুটবল দলের মধ্যে ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গুরুদাসপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ আনোয়ার হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ তমাল হোসেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান রোকসানা আখতার (লিপি) ও উপজেলা শিক্ষা অফিসার খ.ম. জাহাঙ্গীর হোসেন।

অনুষ্ঠানে এনডিপি'র সহকারী পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) কে এম শহিদুল ইসলাম এর উপস্থিতিতে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র উপ-পরিচালক আবু নাইম মোঃ জুবায়ের খান। এ সময় কর্মসূচির সমন্বয়কারী মোঃ কছিম উদ্দিনসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য এছাড়াও কর্মসূচিটি পাবনা জেলার বেড়া উপজেলার চাকলা ও মাসুমদিয়া ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে।



*বক্তব্য দিচ্ছেন এনডিপি'র উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান*

## ব্রাজ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

বিশ্ব খাদ্য সংস্থা এর অর্থায়নে পরিচালিত Building Resilience to Achieve to Zero Hunger-BRAZH প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর অতিরিক্ত সচিব শেখ মো. মনিরুজ্জামান। শুরুতেই সংস্থার পক্ষ হতে অতিরিক্ত সচিব মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানান এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান। অতপর প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন এবং আওতাভুক্ত উপকারভোগীদের সাথে আলোচনা করেন।

তিনি মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন পরবর্তীতে পরিদর্শন খাতায় লিখেন, ''আমি অদ্য ১৬ জুন ২০২২ তারিখ সকাল ১০.৩০ মিনিট সময়ে বাগানবাড়ী, রানিগঞ্জ, চিলমারী এর ব্রাজ কর্মসূচির আওতায় অর্জুন মহিলা দলের কার্যক্রম পরিদর্শন করি। ২০ জন সদস্যের সাথে কথা বলি, তারা সকলেই দাতা সংস্থা ''ডাব্লিউএফপি'' এর অনুদান নিয়ে বিভিন্ন পেশায় আত্মকর্মী হতে পেরেছেন, তারা সকলেই উপকৃত হয়েছে এবং বর্তমানে নিজের পায়ে দাঁড়াতে পেরেছেন। আমার কাছে কর্মসূচিটি সন্তোষজনক এবং জনগণের জন্য উপকারী মনে হয়েছে। কর্মসূচিটির আরো সফলতা কামনা করছি।'' পরিদর্শনকালে কর্মসূচির অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য জাতীয় পর্যায়ের অন্যতম বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) মে ২০২০ হতে প্রকল্পটি কুড়িগ্রাম জেলার চর-রাজিবপুর ও চিলমারী উপজেলায় বাস্তবায়ন করে আসছে।



*মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শনে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর অতিরিক্ত সচিব শেখ মো. মনিরুজ্জামান*

## অনলাইন মার্কেট প্লেস ই-বসনের আনুষ্ঠানিক উদ্বোধন



*ই-বসন ওয়েবসাইট এর শুভ উদ্বোধন করেন সংস্থান উর্ধতন কর্মকর্তাবৃন্দ*

'তাঁত কুঞ্জ' খ্যাত তাঁত পণ্যের অন লাইন মার্কেট প্লেস ই-বসনের আনুষ্ঠানিক যাত্রা শুরু। ১৭ এপ্রিল ২০২২ এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে এনডিপি'র সম্মেলন কক্ষে অনলাইন এ মার্কেট প্লেসটি সবার জন্য উন্মুক্ত করা হয়। এসময় ই-বসন প্রতিষ্ঠার লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদান করেন এসইপি-তাঁত প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক মো. আশরাফুজ্জামান।

সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির পরিচালক ও প্রকল্পের ফোকাল পার্সন মোসলেম উদ্দিন আহমেদ বলেন, ই-বসন যেন সিরাজগঞ্জের তাঁতীদের উন্নয়নে কার্যকরী ভূমিকা রাখতে পারে এবং দেশের মানুষ যেন খুব সহজেই তাঁত পন্য পেতে সক্ষম হয় সে বিষয়ে প্রকল্প কর্মকর্তাদের বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে।

উল্লেখ্য পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও বিশ্ব ব্যাংকের অর্থায়নে এনডিপি সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, কামারখন্দ ও বেলকুচি উপজেলায় সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট-এসইপি'র আওতায় "সিরাজগঞ্জ জেলার তাঁত উদ্যোগে পরিবেশগত সমস্যাসমূহ বিবেচনায় রেখে গুণগত মানসম্পন্ন ঐতিহ্যবাহী বাঙ্গালী পোষাকের উৎপাদন বৃদ্ধি প্রকল্প" বাস্তবায়ন করছে। প্রকল্পের আওতায় সিরাজগঞ্জের তাঁত পণ্যের একটি কমন ব্র্যান্ড হিসেবে বসনকে প্রতিষ্ঠিত করার চেষ্টা করা হচ্ছে। এ জেলার পণ্যের প্রতিষ্ঠিত কোন ব্র্যান্ড না থাকায় মধ্যসত্ত্বভোগীদের দৌরাত্মের কারণে উদ্যোক্তাগণ ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হচ্ছে এবং অন্য ব্র্যান্ডে সিরাজগঞ্জের তাঁত পণ্যসমূহ বিক্রি হওয়ায় সিরাজগঞ্জের উৎপাদিত পণ্য আলাদা পরিচিতি পাচ্ছেনা। এ সমস্যা দূর করতে এনডিপি এসইপি-তাঁত প্রকল্পে সিরাজগঞ্জের তাঁতীদের জন্য সিরাজগঞ্জের ব্র্যান্ড হিসেবে বসন প্রতিষ্ঠিত করেছে। বসনের পরিধি জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে বিস্তৃত করার জন্য অনলাইন মার্কেট প্লেস হিসেবে ই-বসনের আনুষ্ঠানিক যাত্রা শুরু করা হয়। এসময় সংস্থার অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে অনলাইনে পন্য ক্রয় করেন।

## এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগি সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি আর্থ-সামাজিক উন্নয়নে ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচিটি এনডিপি নিজস্ব ও পিকেএসএফ এর অর্থায়নে ৯০টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। কর্মসূচিটির অর্জিত বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো;

| ক্রঃ নং | বিবরণ | জুন' ২০২২ | ক্রঃ নং | বিবরণ | জুন' ২০২২ | ক্রঃ নং | বিবরণ | জুন' ২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ৯০ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ৭.৮৭ | ১৭ | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২৪০ |
| ২ | মোট সদস্য (জন) | ১১৭৮৮৭ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৭৬% | ১৮ | সমিতি ঃ সদস্য | ১:১৬ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ৩৬৩৯.৯৯ | ১১ | On Time Realization ( OTR) | ৯৮.৮৮% | ১৯ | সমিতি ঃ ঋণী সদস্য | ১:১২ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ৩২৩৩.৯৯ | ১২ | Liquidity Ratio | ১০.৮৫% | ২০ | কর্মীঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:১০৩.০৫ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ৪০৬.০০ | ১৩ | Port folio At Risk | ২.৪০% | ২১ | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:২৯.৫৪ |
| ৬ | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ১১৬.৪০ | ১৪ | Delinquent Ratio | ১.৮৪% | ২২ | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১৩৫ |
| ৭ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ১৬৪.৫৯ | ১৫ | Debt : Equity | ১.৭৭:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৮০.৩১% | ১৬ | কর্মী ঃ সদস্য | ১:২৯৯ | | | |

## কৈশোর কর্মসূচির কৃতি শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ



ক্লাবের সদস্যের হাতে ব্যাগ তুলে দিচ্ছেন সংস্থার উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান

বর্তমানে দেশে ৩.৬০ কোটির বেশি কিশোর-কিশোরী রয়েছে, যা মোট জনসংখ্যার ২১ শতাংশ। আজকের কিশোর-কিশোরী আগামী দিনের দেশ ও সমাজ পরিচালনায় নেতৃত্ব দিবে এটিই বাস্তবতা। দেশে চলমান "জনমিতিক লভ্যাংশ'র সুফল পেতে কিশোরদের উপযুক্ত শিক্ষায় শিক্ষিত করার পাশাপাশি উন্নত মূল্যবোধ ও দেশপ্রেমে উদ্বুদ্ধ করে গড়ে তোলার লক্ষ্যে 'মেধা ও মননে সুন্দর আগামী' এ প্রতিপাদ্যকে সামনে রেখে কৈশোর কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও এনডিপি'র যৌথ অর্থায়নে সিরাজগঞ্জ জেলার চারটি উপজেলার (সিরাজগঞ্জ সদর, কামারখন্দ, বেলকুচি ও রায়গঞ্জ) ৬২টি ক্লাবের মাধ্যমে কর্মসূচির কার্যক্রম পরিচালিত হচ্ছে।

এর-ই ধারাবাহিকতায় ক্লাবের সদস্যদের মধ্যে জেএসসি ও এসএসসি পরীক্ষায় ভালো ফলাফলকারীদের পুরস্কৃত করা হয়। প্রত্যেক ক্লাব হতে ৩জন করে মোট ১৮৬ জনকে পুরস্কার প্রদানের জন্য মনোনিত করা হয়। পুরস্কার হিসেবে ব্যাগ ও ট্রাংক প্রদান করা হয়। বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৈশোর কর্মসূচির ফোকাল পারসন ও এনডিপি'র উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান, ঋণ সহায়তা কর্মসূচির সহকারী পরিচালক মোঃ সাইফুল ইসলাম, সিনিয়র ম্যানেজার (অডিট) মোঃ জাহাঙ্গীর আলম খান, কৈশোর কর্মসূচির সিনিয়র প্রোগ্রাম অফিসার মোঃ ফজল করিম, রিসার্চ এন্ড ডকুমেন্টশন বিভাগের সহকারী ব্যবস্থাপক মোঃ জানাফার ইসলামসহ কৈশোর কর্মসূচির প্রোগ্রাম অফিসার ও ঋণ সহায়তা কর্মসূচির শাখা ব্যবস্থাপক প্রমূখ।

## সৌহার্দ্য ৩ কর্মসূচি ও উপজেলা স্বাস্থ্য বিভাগের যৌথ উদ্যোগে বিশ্ব স্বাস্থ্য দিবস-২০২২

৭ এপ্রিল বিশ্ব স্বাস্থ্য দিবস এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিষ্ঠা বার্ষিকী, সারা বিশ্বে প্রতি বছর যথাযোগ্য মর্যাদায় এ দিবসটি উৎযাপন করা হয়। **"সুরক্ষিত বিশ্ব, নিশ্চিত স্বাস্থ্য"** প্রতিপাদ্য বিষয় নিয়ে বাংলাদেশ সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা অর্জনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বিশ্ব স্বাস্থ্য দিবস ২০২২ এ প্রাথমিক স্বাস্থ্য সেবার প্রতি সর্বাধিক গুরুত্ব প্রদান করা হয়েছে, কারণ উন্নত প্রাথমিক স্বাস্থ্য সেবাই হলো স্বাস্থ্য সুরক্ষার মূলভিত্তি। এবারে সংস্থার সদস্যভুক্ত দেশসমুহের সার্বজনীন স্বাস্থ্য সমস্যা সমাধানে ঐক্যবদ্ধ প্রচেষ্টা জোরদার করার প্রয়াসে দিবসটি পালিত হয়।

প্রতি বছরের মতো এ বছরও সরকারী-বেসরকারী সংস্থা ও বিভিন্ন প্রতিষ্ঠান দিবসটিকে ঘিরে বিভিন্ন কর্মসূচির আয়োজন করে। দাতা সংস্থা ইউএসএআইডি ও বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায়, আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা কেয়ার-বাংলাদেশের কারিগরি সহযোগিতায় এবং বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত সৌহার্দ্য-৩ কর্মসূচি এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের যৌথ আয়োজনে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উৎযাপন করা হয়। বর্নাঢ্য র‍্যালি ও পরবর্তীতে বেলকুচি উপজেলা পরিষদ হল রুমে আলোচনা সভার আয়োজন করা হয়। বেলকুচি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ এ কে এম মোফাখ্খারুল ইসলাম এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্রেক্স এর আরএমও ডাঃ সুদীপ সরকার। এছাড়াও সভায় উপজেলায় প্রশাসনের অন্যান্য কর্মকর্তাসহ এনডিপি'র কর্মকর্তাবৃন্দ ও ভিডিসি'র সদস্যগণ উপস্থিত ছিলেন।




সরকারী ও বেসরকারী কর্মকর্তাদের উপস্থিতিতে বিশ্ব স্বাস্থ্য দিবস-২০২২ এর অংশ বিশেষ

## মা ও শিশু সহায়তা কর্মসূচির ত্রৈমাসিক সমন্বয় সভা



উদ্যোক্তা ও আর্থিক সেবাদানকারীদের ত্রৈমাসিক সভার অংশ বিশেষ

বিশ্ব খাদ্য কর্মসূচির কারিগরি সহযোগিতায় ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর কৌশলগত সহযোগিতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মা ও শিশু সহায়তা কর্মসূচি রংপুর জেলার গংগাচড়া এবং রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। কর্মসূচির মূল উদ্দেশ্য গর্ভবতী ও দুগ্ধ দানকারী মায়েদের গর্ভকালীন সময় হতে গুরুত্বপূর্ন ১০০০ দিন পর্যন্ত মা ও শিশুর স্বাস্থ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা। উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে নির্বাচিত ভাতাভোগী মায়েদের প্রতিমাসে ৮০০ টাকাসহ স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়। আর্থিক সেবা প্রদানের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ উদ্যোক্তা ও আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠানের অসতর্কতা ও সমন্বয়ের অভাবে ভাতাভোগী মায়ের হিসাব খোলার সময় বিভিন্ন প্রকার ভুল হয় ফলে কিছু ভাতাভোগী যথাসময়ে টাকা পায় না। এসমস্যা সমাধানে ১৯ এপ্রিল ২০২২ তারিখে ভাতাভোগী মায়েদের নির্বিঘ্নে ভাতা প্রাপ্তির উদ্দেশ্যে ইউনিয়ন পরিষদ উদ্যোক্তা ও আর্থিক সেবাদানকারীদের নিয়ে ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মৌসুমী আখতার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গংগাচড়া উপজেলা নির্বাহী অফিসার মোঃ এরশাদ উদ্দিন পিএএ.। তিনি বলেন, উদ্যোক্তা এবং স্ব স্ব ইউনিয়নের যারা আর্থিক সেবাদানকারী আছেন অবশ্যই পরস্পর সমন্বয় করে কাজ করবেন যেন ভাতাভোগীরা নিয়মিত ভাতা প্রাপ্তির ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন না হয়। সেই সাথে আবেদনের সময় কোন আবেদনকারী যেন হয়রানীর স্বীকার না হয় সে বিষয়ে উদ্যোক্তাদের গুরুত্বসহকারে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় আরোও উপস্থিত ছিলেন বিশ্ব খাদ্য কর্মসূচির প্রতিনিধি শাহীন সুলতানা, কর্মসূচি ব্যবস্থাপক মিজানুর রহমানসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## CEMB প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা

সাম্প্রতিক সময়ে দেশে ব্যাপকহারে বেড়েছে বাল্যবিবাহ। বিশেষ করে করোনায় শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘদিন বন্ধ থাকায় বাল্যবিবাহের হার আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। এ থেকে রক্ষা পেতে হলে সবাইকে সচেতন হতে হবে। সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। ১২ জুন ২০২২ প্রকল্পের অর্ধবার্ষিক পর্যালোচনা সভায় এসব কথা বলেন বক্তারা।

প্ল্যান ইন্টাঃ এর অর্থায়নে এনডিপি জানুয়ারী ২০২১ হতে প্রকল্পটি বাস্তবায়ন করে আসছে। প্রকল্পের ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে পর্যালোচনা সভার আয়োজন করা হয়। জয়পুরহাট জেলায় প্রকল্পের বিভাগীয় ব্যবস্থাপক সাব্বির আহমেদ ও পাবনা জেলায় মহিলা বিষয়ক কার্যালয়ের উপ-পরিচালক মোসাঃ কানিজ আইরিন জাহান অগ্রগতি উপস্থাপন করেন। পৃথক দুটি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুই জেলার সুযোগ্য জেলা প্রশাসক মহোদয়। সভায় বাল্যবিবাহ নিরোধ আইন-২০১৮, বিধিমালা ২০১৮, জেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির দায়িত্ব, জেন্ডার সমতা, শিশু অধিকার, শিশু সুরক্ষা বিষয়ক বিভিন্ন তথ্য উপস্থাপন এবং করণীয় বিষয়ে অবহিত করা হয়। একইসাথে কমিটির গতিশীলতা বৃদ্ধি ও উপজেলা ইউনিয়ন কমিটি আরো কার্যকর করার জন্য উদ্যোগ গ্রহণের আহবান জানানো হয়। এছাড়াও সভায় জেলার সিনিয়র কর্মকর্তাগণ এবং জেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির সদস্যবৃন্দ সরকারী-বেসরকারী দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



*জয়পুরহাটে সিইএমবি প্রকল্পের অর্ধবার্ষিক অগ্রগতি পর্যালোচনা সভার অংশ বিশেষ*

## কক্সবাজারে মা ও শিশু সহায়তা কর্মসূচি এবং মাতৃত্বকাল ভাতা কর্মসূচির TOT প্রশিক্ষণ



*প্রশিক্ষণে উপস্থিত আছেন উখিয়া উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিরিন ইসলাম*

এনডিপি বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচি ও মাতৃত্বকাল ভাতা কর্মসূচির ২০২১-২০২২ অর্থবছরের ইউনিয়ন রিসোর্স পুলের TOT প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ১৬ জুন ২০২২ কক্সবাজার জেলার উখিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সম্মেলন কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার আয়োজনে প্রশিক্ষণে সার্বিক সহযোগিতা করেন বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

প্রশিক্ষণে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিরিন ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উখিয়া উপজেলা নির্বাহী অফিসার ইমরুল হক সজীব। প্রশিক্ষণে গর্ভবতী ও দুগ্ধদানকারী মায়ের পুষ্টি এবং শিশুর সংবেদনশীল ও উদ্দীপনামূলক যত্ন বিষয়ে বার্তা পৌছানোর কৌশল গুলো আলোচনা করা হয়। কর্মসূচির বাস্তবায়ধীন এলাকায় সকল গর্ভবতী মা ও তার পরিবারের সদস্যদের পুষ্টি সম্পর্কিত আচরন ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন করাই কর্মসূচির প্রধান লক্ষ্য।

প্রশিক্ষণে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডাক্তার মিল্টন সেন গুপ্ত ও ডাক্তার মোয়াজ আবরার (MBBS)। এছাড়াও ইউনিয়ন নারী উন্নয়ন কর্মী অন্ত চৌধুরী ও মুন্নি দাসসহ ইউনিয়ন পর্যায়ের সকল স্বাস্থ্য কর্মী উপস্থিত ছিলেন।

## এপ্রিল-জুন ২০২২ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু বা শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ০১ | Anticipatory Action For Monsoon Flood in Bangladesh-2022 | World Food Program (WFP) | সিরাজগঞ্জ জেলার সদর, কাজিপুর, বেলকুচি, চৌহালী, শাহজাদপুর ও রায়গঞ্জ উপজেলা। | ২৮ মে ২০২২, থেকে ৩১ জুলাই ২০২২ | মৌসুমি বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারকে সহায়তার লক্ষ্যে বিকাশের মাধ্যমে অর্থ প্রদান করা। |
| ০২ | Mother and Child Benefit Programme | World Food Program (WFP) | রাজশাহী জেলার গোদাগাড়ী ও রংপুর জেলার গংগাচড়া উপজেলা। | ০১ সেপ্টেম্বর ২০১৮ থেকে ৩০ এপ্রিল ২০২২ | গর্ভবতী মায়েদের স্বাস্থ্যগত ঝুকি হ্রাস এবং শিশুর পুষ্টি নিশ্চিতের মাধ্যমে শিশুর বিকাশ নিশ্চিত করা। মা ও শিশুসহায়তা কর্মসূচি বাস্তবায়নকারী সংস্থা গুলোর সক্ষমতা বৃদ্ধি করা এবং মহিলা বিষয়ক কার্যালয়ের সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সক্ষমতা বৃদ্ধি করা। |
| ০৩ | Combating Gender Based Violence (CGBV) | ManusherJonno Foundation(MJF) | সিরাজগঞ্জ সদর উপজেলার সয়দাবাদ ও কালিয়া হরিপুর ইউনিয়ন। | ০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০২২ | নারীর প্রতি সহিংসতা মোকাবেলায় সুশীল সমাজ এবং সরকারী প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি করা। |
| ০৪ | Strengthen Civil Society and Public Institutions to Address Combating Gender Based Violence at Rajshahi | ManusherJonno Foundation (MJF) | রাজশাহী জেলার চারঘাট উপজেলা। | ০১ সেপ্টম্বর ২০২০ থেকে ৩০ জুন ২০২২ | নারীর প্রতি সহিংসতা মোকাবেলায় সুশীল সমাজ এবং সরকারী প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি করা। |
| ০৫ | Resilience through Empowerment, Climate Adaptation Leadership and Learning (RE-CALL) Phase-II | OXFAM in Bangladesh | সিরাজগঞ্জ জেলার সদর, কাজিপুর, বেলকুচি, কামারখন্দ, উল্লাপাড়া ও রায়গঞ্জ উপজেলা। | ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ | ঝুঁকিপূর্ণ সম্প্রদায়ের জন্য একটি ঝুঁকি স্থানান্তর প্রক্রিয়া হিসাবে বীমা প্রচার করা এবং টেকসই ফসল বীমা প্রবর্তনের মাধ্যমে কৃষকদের আয়ের নিরাপত্তা নিশ্চিত করা। |
| ০৬ | Economic Enhancement through Strengthening Beef and Goat Market System (EES) | Heifer International (HI) | সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ ও উল্লাপাড়া উপজেলা। | ০১ জানুয়ারি ২০১৮ থেকে ৩০ জুন ২০২২ | ক্ষুদ্র ও প্রান্তীক কৃষকদের নিয়ে গরু ও ছাগলের বাজার ব্যবস্থা শক্তিশালীকরণের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করা। |
| ০৭ | Urban Management of Internal Migration due to Climate Change (UMIMCC) | Deutsche Gesellschaft fur InternationaleZusammenarbeit (GIZ) Gmbh. | সিরাজগঞ্জ পৌরসভা | ০১ অক্টোবর ২০১৮ থেকে ৩০ জুন ২০২২ | সিরাজগঞ্জ পৌরসভার নির্বাচিত বস্তিতে বিশেষত নারীদের দুর্বলপরিবারের আয়ও সম্পদ বৃদ্ধি করা। বস্তিঅঞ্চলে বসবাসকারী লোকদের জীবন-জীবিকা নির্ধারণের বিকল্প প্রদর্শন করা এবং আয়বৃদ্ধিকরণে নারীদের জড়িত করার মাধ্যমে তাদের ক্ষমতায়ন করা। |

এনডিপি বার্তা

এপ্রিল - জুন, ২০২২ । সংখ্যা ৩২ । বর্ষ ১৪

## পানিতে ডোবা প্রতিরোধে জেলা পর্যায়ে মতবিনিময় সভা

ন্যাশনাল অ্যালায়েন্স ফর ডাউনিং প্রিভেনশন (এনএডিপি) এবং এনডিপির যৌথ উদ্যোগে পানিতে ডোবা প্রতিরোধে জেলা পর্যায়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ৩১ মে ২০২২ (মঙ্গলবার) সিরাজগঞ্জ জেলা প্রশাসক সম্মেলন কক্ষে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ। এসময় তিনি বলেন, **''বাংলাদেশ পানিতে ডোবা প্রতিরোধে বিশ্বকে নেতৃত্ব দিচ্ছে। বিষয়টি আমাদের গর্বিত করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে আমরা মা ও শিশু মৃত্যুর হার যেভাবে কমিয়ে এনেছি, আশা করি একইভাবে সমন্বিত উদ্যোগের মাধ্যমে পানিতে ডুবে শিশুমৃত্যুর হার শুন্যে নামিয়ে আনতে পারব।''**
এনডিপি এর উপ-পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) কাজী মাসুদুজ্জামান এর সঞ্চলনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ মনির হোসেন। সভায় পানিতে ডোবা কি, বিশ্বব্যাপী পানিতে ডোবার পরিস্থিতি, বাংলাদেশের পানিতে ডোবার পরিস্থিতি, সিরাজগঞ্জ জেলার পানিতে ডোবা পরিস্থিতি ও চলমান পরিস্থিতি, পানিতে ডোবা মৃত্যুর বিষয়ে সামাজিক ধারনা, পানিতে ডোবা ও টেকসই উন্নয়ন অভীষ্ট ও চলমান, পানিতে ডোবা: জেন্ডার ভিত্তিক দৃষ্টিভঙ্গি, বিশ্বব্যাপী ডুবে যাওয়া প্রতিরোধে জাতিসংঘের প্রস্তাব এবং পানিতে ডোবা প্রতিরোধে এনডিপি কর্তৃক গৃহীত উদ্যোগ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
এছাড়াও বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী (সদর), জেলা সিভিল সার্জন, উপ-পরিচালক (সমাজসেবা), উপ-পরিচালক (মহিলা বিষয়ক), জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, জেলা কো-অপারেটিভ কর্মকর্তা, ফায়ার সার্ভিস কর্মকর্তা, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাসহ জেলার বেসরকারী উন্নয়ন সংস্থার প্রতিনিধিবৃন্দ ও প্রিন্ট মিডিয়ার কর্মকর্তাগণ। অনুষ্ঠানে বক্তারা, ছোট-বড় সবাইকে সাঁতার শিখানো ও তৃনমূল পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্বারোপ করেন। কেননা বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, দেশে প্রতিদিন গড়ে ৪০ জন শিশু পানিতে ডুবে মারা যায়। এদের মধ্যে ৩২ জনই চার বছরের কম বয়সী। বছরে এ সংখ্যা দাঁড়ায় প্রায় ১২ হাজারে এবং বিশ্বে এর সংখ্যা ৩ লাখ ৫৯ হাজার ৪০০ জন। পানিতে ডুবে মৃত্যু সারা বিশ্বে আঘাতজনিত কারণে শিশুমৃত্যুর দ্বিতীয় প্রধান কারণ। এ ছাড়া পানিতে ডোবার কারণে আরো ১৩ হাজার শিশু স্থায়ী পঙ্গুত্ব বরণ করে। এক লাখ শিশু পানিতে ডোবার কারণে বিভিন্নভাবে আহত হয়।




*মতবিনিময় সভায় বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ*

## এসইপি-ডেইরী প্রকল্পের বিশ্ব দুগ্ধ দিবস-২০২২




*এসইপি-ডেইরী প্রকল্পের বিশ্ব দুগ্ধ দিবস-২০২২ এর আয়োজিত র‍্যালীর অংশ বিশেষ*

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)- ডেইরী এর উপ-প্রকল্পের আওতায় "বাংলাদেশে যমুনা নদীবাহিত উত্তরাঞ্চলের ডেইরী বিজনেজ কাস্টারকে নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাতপণ্য উৎপাদনের জন্য পরিবেশ উন্নয়নের অনুশীলন প্রচার করা" প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। সিরাজগঞ্জ জেলার ২টি উপজেলার ৭টি ইউনিয়নে ৪৫ টি গ্রামের ৩০০০ জন আওতাভুক্ত উপকারভোগীকে নিয়ে প্রকল্প বাস্তবায়ন করছে দেশের অন্যতম বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

''পরিবেশবান্ধব আধুনিক প্রযুক্তি গ্রহনের মাধ্যমে প্রতিযোগিতামূলক ডেইরী উদ্যোক্তাদের শক্তিশালী করা এবং দুগ্ধজাত পণ্য উচ্চ মূল্যের বাজারে প্রবেশের ক্ষেত্রে সহযোগিতা করাই প্রকল্পের মূললক্ষ্য।'' কর্মসূচির নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ১লা জুন ২০২২ ''জলবায়ু পরিবর্তনের সংকট এবং কিভাবে দুগ্ধখাত গ্রহের উপরে প্রভাব কমাতে পারে তার প্রতি দৃষ্টি আকর্ষণ করা'' প্রতিপাদ্য বিষয় নিয়ে "বিশ্ব দুগ্ধ দিবস" পালন করা হয়। কর্ম-এলাকার শাহজাদপুর উপজেলার পেতাজিয়া ইউনিয়নের পরিবেশ ক্লাবের আওতায় এ উদ্যোগ গ্রহণ করা হয়। দিবসটি উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। এসময় পরিবেশ ক্লাবের সভাপতি মোঃ আব্দুল মালেক বলেন, শিশুদের সুষমভাবে বেড়ে ওঠার জন্য প্রতিদিন দুধের কোন বিকল্প নেই। একইসাথে তিনি নিয়মিত দুধ খাওয়ার মাধ্যমে অভ্যাস গড়ে তোলার জন্য খামারীদের অনুরোধ জানান। এছাড়াও অনুষ্ঠানে প্রকল্প ব্যবস্থাপক মোঃ আব্দুল মালেক আকন্দনহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## আলোকিত গ্রাম কর্মসূচির মুরগীর বাচ্চা ও ছাগল বিতরণ

'আলোকিত গ্রাম' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে একটি কারিগরি পরিকল্পনা তৈরি করেছে দেশের অন্যতম বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার বাগবাড়ি, লাহিড়ীবাড়ি, বালুকোল ও চর-বড়ধুল গ্রামকে প্রাথমিকভাবে কর্মসূচির আওতাভুক্ত করা হয়েছে। ইতোমধ্যেই সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর নির্দেশনা অনুযায়ী সংস্থা কর্তৃক বাস্তবায়িত সংশ্লিষ্ট সকল প্রকল্পের সমন্বয়ে একটি কমিটি তৈরি করা হয়েছে। যার মূল উদ্দেশ্য গ্রাম গুলোকে বিশেষ মডেল গ্রামে রুপান্তর করা।

সংস্থার স্বঅর্থায়নে গ্রাম গুলোতে একাধারে সুপেয় পানির ব্যবস্থা, আধুনিক পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, উন্নত শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা, আধুনিক ও লাভজনক কৃষি ব্যবস্থাপনা এবং বাল্যবিবাহ রোধে কার্যক্রম বাস্তবায়ন করছে। এ ছাড়া কর্মসংস্থান তৈরিতে এনডিপি ১৯৯২ সাল থেকেই কাজ করে যাচ্ছে। এছাড়াও গ্রাম গুলোতে আধুনিক বাজার ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে লিংকেজ তৈরির কাজ শুরু হয়েছে। মূলত সামগ্রিকভাবে একটি উন্নত জীবনযাত্রার জন্য যে ব্যবস্থাপনা মানুষের জন্য প্রয়োজন, সেগুলো সবকিছুই সেখানে করা হবে।
২৯ জুন ২০২২ ধারাবাহিক এ কার্যক্রমের অংশ হিসেবে দরিদ্র মানুষকে আর্থিকভাবে স্বাবলম্বি করার লক্ষ্যে দেশি মুরগীর বাচ্চা ও ছাগল প্রদান করা হয়। ২৫টি পরিবারের মাঝে ৫৬টি করে মোট ১৪০০টি দেশী মুরগীর বাচ্চা এবং ১৫টি পরিবারের মাঝে ১টি করে ছাগল বিতরণ করা হয়। এ সময় সংস্থার উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান ও কর্মসূচির সিনিয়র প্রোগ্রাম অফিসার মোঃ ফজল করিমসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



*সহায়তা তুলে দিচ্ছেন সংস্থার উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান*

## বিশ্ব পরিবেশ দিবস-২০২২

একটাই পৃথিবীঃ ‘প্রকৃতির ঐকতানে টেকসই জীবন’, প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে বিশ্ব পরিবেশ দিবস-২০২২ উদ্‌যাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষ্যে সংস্থার প্রধান কার্যালয়ে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। র‍্যালির শুভ উদ্বোধন করেন সংস্থার নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান।

র‍্যালীটি এনডিপি হেড অফিস থেকে শুরু হয়ে লাহিড়ীবাড়ী মাদ্রাসা মাঠে গিয়ে শেষ হয়। র‍্যালী শেষে বিশ্ব পরিবেশ দিবসের গুরুত্ব ও তাৎপর্য্য তুলে ধরে আলোচনা সভা ও কারখানার কর্মপরিবেশ উন্নয়নে সেরা উদ্যোক্তা সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আলোচনা সভার শুরুতেই স্বাগত বক্তব্য উপস্থাপন করেন এসইপি (তাঁত) প্রকল্পের ব্যবস্থাপক মোঃ আশরাফুজ্জামান। আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ পরিবেশ অধিদপ্তর এর সহাকারী পরিচালক মোঃ আব্দুল গফুর। অনুষ্ঠানে এনডিপি এসইপি তাঁত প্রকল্পের তাঁত উদ্যোক্তা সহ এনডিপি কৈশোর কর্মসূচীর কিশোর-কিশোরী দলের এক ঝাঁক তরুণ তরুণী অংশ গ্রহণ করেন।

এছাড়াও ৫ জুন ২০২২ দিবসটি উপলক্ষ্যে জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক পৃথক দুটি র‍্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়। যেখানে সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির পরিচালক মোসলেম উদ্দিন আহমেদসহ ঋণ সহায়তা কর্মসূচীর কর্মকর্তাবৃন্দ, শিক্ষা সহায়তা কর্মসূচীর শিক্ষাকেন্দ্রের শিক্ষিকাবৃন্দ ও সিরাজগঞ্জের বেসরকারী প্রতিষ্ঠান পাঠশালা স্কুল এন্ড কলেজের ৭০ জন ছাত্র ছাত্রী অংশগ্রহণ করেন।




*পরিবেশ দিবসে সংস্থার প্রধান কার্যালয়ে আয়োজিত র‍্যালি*

## এমফোরসি প্রকল্পের স্কয়ার কোম্পানীর সাথে লিংকেজ স্থাপন



*প্রান্তিক পর্যায়ের কৃষকের উৎপাদিত পন্য সরবরাহের উদ্দেশ্যে প্রস্তুত করা হচ্ছে*

সুইচ ডেভেলপমেন্ট কো-অপারেশন এর অর্থায়নে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এর সহযোগিতায় এনডিপি ২০২০ থেকে Making Markets Work for the Chars (M4C) Phase-III কর্মসূচি বাস্তবায়ন করছে। প্রকল্পটি জামালপুর জেলার চরাঞ্চলের অন্যতম অর্থকারী ফসল মরিচের উৎপাদন, সংগ্রহ, সংরক্ষণ ও বাজারজাতকরণে আধুনিকায়ন করতে কাজ করছে। আর এ জন্য প্রকল্পটি তার লক্ষিত জনগোষ্ঠিকে সম্পৃক্ত করে বহুমুখী কার্যক্রম বাস্তবায়ন করছে। যেমন; ফসল উৎপাদন ও পরিচর্যা, ফসল সংগ্রহ, সংরক্ষণ ও বাজারজাতরণ বিষয়ক সরেজমিনে কৃষক প্রশিক্ষণ, ব্যবসায়ীদের দক্ষতা উন্নয়ন, দেশের প্রক্রিয়াজাতকারী কোম্পানী গুলোর সাথে সংযোগ তৈরি ইত্যাদি। চরাঞ্চলে বসবাসরত দরিদ্র কৃষক পরিবারের অধিক ফসল নিশ্চিত এবং উৎপাদিত মরিচ উচ্চ বাজার মূল্যে বিক্রয়ের মাধ্যমে তাদের জীবনমান উন্নয়নে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

এর-ই ধারাবাহিকতায় এমফোরসি প্রকল্পের উপকারভোগীদের উৎপাদিত মরিচ বাজারজাতকরণের উদ্দেশ্যে বাংলাদেশের সুনামধন্য ভোগ্যপন্য উৎপাদনকারী প্রতিষ্ঠান স্কয়ার এর সাথে চুক্তি সম্পন্ন করা হয়। এবং চুক্তি অনুযায়ী প্রকল্পের আওতাভূক্ত উপকারভোগী চলতি জামালপুর জেলার চরাঞ্চল থেকে ৫৫ মেট্রিক টন শুকনা মরিচ স্কয়ার কোম্পানীতে সরবরাহ করতে সক্ষম হয়।

বর্তমানে প্রায় ৭৫০০ কৃষক পরিবার প্রকল্পলব্ধ জ্ঞান ব্যবহার করে প্রক্রিয়াজাতকারী কোম্পানীর চাহিদা মোতাবেক মানসম্পন্ন মরিচ উৎপাদন করছে এবং প্রান, স্কয়ারসহ দেশের সুনামধণ্য কোম্পানীতে বিক্রয়ের সুযোগ পাওয়ায় অধিক মূনাফা লাভ করছে যা তাদের পরিবারের বিপদপন্নতা কমিয়ে জীবনমান উন্নয়নে ভূমিকা রাখছে।

## ইইএস প্রকল্পের “নিরাপদ খাদ্য বিষয়ক র‍্যালী ও আলোচনা সভা”

‘‘সুস্বাস্থ্যের মূলনীতি, নিরাপদ খাদ্য ও স্বাস্থবিধি” প্রতিপাদ্য বিষয় নিয়ে এবারের নিরাপদ খাদ্য দিবস-২০২২ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে ‘গরু ও ছাগলের বাজার ব্যবস্থাপনা শক্তিশালী করনের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন (ইইএস) প্রকল্পের উদ্যোগে নিরাপদ খাদ্য বিষয়ক র‍্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়। ২৭ এপ্রিল-২০২২ (বুধবার) প্রকল্পের কর্ম-এলাকা সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলা পরিষদ প্রাঙ্গণে এ আয়োজন করা হয়। র‍্যালী ও আলোচনা সভার শুভ উদ্বোধন করেন পাঙ্গাসী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ রফিকুল ইসলাম নান্নু। এসময় মানবদেহে নিরাপদ খাদ্যের প্রয়োজনীয়তা, পরিবারে নিরাপদ খাদ্য নিশ্চিতকরা, খাদ্য নিরাপদ নিশ্চিতকরণের কৌশল এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে নারীদের ভূমিকা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভাপতি তার সমাপনী বক্তব্যে সরকারের পাশাপাশি বেসরকারী সংস্থাগুলোও খাদ্যে ভেজালমুক্তকরণে অগ্রণী ভূমিকা রাখবে বলে আশা ব্যক্ত করেন। এছাড়াও রায়গঞ্জ উপজেলা সমবায় অফিসার মোঃ নুরুজ্জামান এর উপস্থিতিতে প্রকল্পের ৮০ জন উপকারভোগী সদস্য এবং প্রকল্পের ৫টি সমবায়ের নেত্রীবৃন্দ ও কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশের আর্থিক ও কারিগরী সহায়তায় বেসরকারী উন্নয়ন স্বেচ্ছাসেবী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ ও উল্লাপাড়া উপজেলাসহ লালপুর ইউনিয়নে কার্যক্রম বাস্তবায়ন করছে।




*ইইএস প্রকল্পের নিরাপদ খাদ্য বিষয়ক র‍্যালীর অংশ বিশেষ*

এনডিপি বার্তা
এপ্রিল - জুন, ২০২২ । সংখ্যা ৩২ । বর্ষ ১৪

## এনডিপি ফিড এর মাসিক সমন্বয় সভা

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর প্রধান সহ-প্রতিষ্ঠান এনডিপি ফিড এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৯ মে ২০২২ সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন এনডিপি ফিড এর মহা-ব্যবস্থাপক ও এনডিপি'র উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান। এসময় তিনি সকলের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। পাশাপাশি তিনি বাজারজাতকরণে নতুন পদ্ধতি অবলম্বন, ডিলার এর সুযোগ-সুবিধা, কর্ম-এলাকা বৃদ্ধি, খাবারের মান উন্নয়নসহ দ্রুত ফ্যাক্টরী স্থাপনের লক্ষ্যে কার্যক্রম পরিচালনার জন্য আহ্বান জানান। সংস্থার সিনিয়র ম্যানেজার (অডিট) কে.এম. জাহাঙ্গীর আলম এর উপস্থিতিতে দিনব্যাপি সভা পরিচালনা করেন এনডিপি ফিড এর ব্যবস্থাপক মোঃ জাহিদ সৌরভ। এসময় এনডিপি ফিড এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



*এনডিপি ফিড এর মাসিক সমন্বয় সভায় উপস্থিত আছেন এনডিপি ফিড এর মহা-ব্যবস্থাপক ও এনডিপি'র উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান*

## জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির লিগ্যাল এইড কমিউনিটি ক্লিনিক



*লিগ্যাল এইড ক্লিনিক-এ বক্তব্য প্রদান করছেন কামারখন্দ থানার সেকেন্ড অফিসার মো. ইয়ামিন হোসেন*

নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ করে তাদের অধিকার নিশ্চিত করা ও নির্যাতনের শিকার নারীদের আইনী সহায়তা প্রদান করার লক্ষ্যকে সামনে রেখে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর স্ব-অর্থায়নে পরিচালিত জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। ২০১৪ সালে প্রাথমিক পর্যায়ে সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলায় বাস্তবায়িত হলেও বর্তমানে কর্মসূচি বাস্তবায়নের জন্য সুদূর প্রসারী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

২১ এপ্রিল ২০২২ কর্মসূচির ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার রায়দৌলতপুর ইউনিয়নে দক্ষিণপাড়া আব্দুল খালেকের বাড়ীতে কমিউনিটি পর্যায়ে এই ক্লিনিকের আয়োজন করা হয়। মূলত তৃণমূল পর্যায়ে মানুষকে সংগঠিতভাবে আইনি তথ্য ও পরামর্শ প্রদানের একটি কার্যকর উপায় বা মাধ্যম এই লিগ্যাল এইড কমিউনিটি ক্লিনিক।

অনুষ্ঠানে বাল্যবিবাহ, যৌতুক, নারী নির্যাতন, নারীর অধিকার ও আইনগত সহায়তার বিষয়ে মুক্ত আলোচনা করা হয়। আলোচনা শেষে আইনী পরামর্শ প্রদান করা হয়। আলোচনা ও আইনগত সহায়তা প্রদান করেন কামারখন্দ থানার সেকেন্ড অফিসার মো. ইয়ামিন হোসেন। এছাড়াও এনডিপি সিনিয়র প্রোগ্রাম অফিসার মো. ফজল করিম, ইউপি সদস্যসহ উপস্থিত সকলে আলোচনায় অংশ গ্রহণ করেন।

## লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামের খামারি প্রশিক্ষণ

বেসরকারি উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)-এর জামতৈল শাখায় লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামের আওতায় গরু লালন পালনে ঝুঁকি হ্রাস বিষয়ের উপর খামারিদের প্রশিক্ষণ এবং ঋণ দেওয়া হয়। ০৫ এপ্রিল ২০২২ প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা প্রাণিসম্পদ অফিসের উপ-পরিচালক ডা. তোফাজ্জল হোসেন। এসময় তিনি গবাদি প্রাণি লালন পালনের উপর বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন ও খামারিদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

করোনার সময়ে কৃষিভিত্তিক আয় বৃদ্ধির লক্ষ্যে পরিচালিত এই প্রকল্পে শাখা ব্যবস্থাপক মোঃ রাশেদুল ইসলাম খামারিদের উদ্দেশ্য প্রকল্পের নানা সুবিধা নিয়ে আলোচনা করেন। এনডিপির লাইভস্টক অফিসার ডা. মোঃ সাজ্জাদ হোসেন গরু নির্বাচন, কোয়ারেন্টাইন, কৃমিনাশকরণ, টিকা প্রদানের বিষয় নিয়ে আলোচনা করেন। লাইভস্টক অফিসার ডা. তৌফিকুল হক বাসস্থান, গাভীর সুষম খাদ্য ও রোগের বিষয় সম্পর্কে সকলকে অবগত করেন। প্রশিক্ষণ পরবর্তীতে ৩০ জন খামারির মাঝে ঋণ প্রদান করা হয়।



*প্রশিক্ষণ প্রদান করছেন সিরাজগঞ্জ জেলা প্রাণিসম্পদ অফিসের উপ-পরিচালক ডা. তোফাজ্জল হোসেন*

উল্লেখ্য Swiss Agencz for Development and Cooperation (SDC)-এর অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক তত্ত্বাবধানে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। সিরাজগঞ্জ, নাটোর ও পাবনার জেলার ১২টি উপজেলায় এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির ২৯টি শাখার মাধ্যমে আওতাভূক্ত উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানসহ ভ্যাক্সিন ক্যাম্প ও গবাদি প্রাণির সুরক্ষা সেবা প্রদান করছে।

## গ্লোবাল ট্রেড লিঃ এর সাথে চুক্তি স্বাক্ষর

মাংস ও দুদ্ধ খামার যান্ত্রিকীকরণ, প্রক্রিয়াজাতকরণ কারখানা, আধুনিকায়ন ও সম্প্রসারণে গ্লোবাল ট্রেড লিঃ এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর মধ্যে চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে। ১৮ মে ২০২২ বগুড়ার বেসরকারী উন্নয়ন সংস্থা গাক এর কনফারেন্স সেন্টারে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সংস্থা দুটির পক্ষে উপস্থিত ছিলেন সংস্থার প্রধান দুই নির্বাহী মোঃ আলাউদ্দিন খান, প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক, এনডিপি এবং মোঃ গোলাম রাব্বানী, ব্যবস্থাপনা পরিচালক, গ্লোবাল ট্রেড লিঃ।

মূলত পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন ও আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ)-এর অর্থায়নে পরিচালিত ৬ বছর মেয়াদী Rural Microenterprise Transformation Project (RMTP) দেশব্যাপী বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন উপ-প্রকল্পটি ৮টি সহযোগী সংস্থার মাধ্যমে ১২ জেলার ৩৬ উপজেলায় ২ লক্ষ সদস্যের মাঝে বাস্তবায়ন করা হচ্ছে। যার মাধ্যমে ক্ষুদ্র ও প্রান্তিক খামারি পরিবার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আয় বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও পারিবারিক পুষ্টির উন্নয়নের লক্ষ্যে কাজ করা হবে। প্রকল্পটি গ্রামীণ খামারিদের মাধ্যমে উৎপাদিত নিরাপদ প্রাণিজ পণ্যের বাজার সংযোগ ও ক্ষুদ্র উদ্যোগ টেকসইকরণে কাজ করবে। এটি ব্যবসায় কার্যকর পরিবেশ উন্নয়নে অবদান রাখবে যা ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সম্প্রসারণ, কৃষি ব্যবসার সাথে ভ্যালু চেইনের এক্টরদের সংযোগ শক্তিশালী করবে।



গ্লোবাল ট্রেড লিঃ ও এনডিপি'র চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

উদ্যোক্তাদের শ্রম, সময় ও ব্যয় সাশ্রয়ের লক্ষ্যে পর্যায়ক্রমে ৬টি উপজেলায় সেলস এন্ড সার্ভিস সেন্টার উন্নয়ন পূর্বক খামার, দুগ্ধ ও মাংস প্রক্রিয়াজাতকরণ কারখানায় যান্ত্রিকীকরণ কার্যক্রম সম্প্রসারণে ট্রেড গ্লোবাল লিমিটেড ও পিকেএসএফ-এর সহায়তাপুষ্ট সহযোগী সংস্থার মাঝে কর্মসম্পাদন চুক্তি সম্পন্ন করা হচ্ছে। এছাড়াও অনুষ্ঠানে এনডিপি'র পরিচালক (কর্মসূচি) ও প্রকল্পের ফোকাল পারসন মোহাঃ শাহ্ আজাদ ইকবাল ও প্রকল্প ব্যবস্থাপক মোঃ মাসুদ মন্ডল উপস্থিত ছিলেন।

## রাজশাহীতে সিজিবিভি প্রকল্পের সমাপনী সভা

"Strengthen Civil Society and Public institutions to address combating gender based violence (CGBV)" প্রকল্পের সমাপনী সভা অনুষ্ঠিত হয়েছে। রাজশাহী জেলার চারঘাট উপজেলা পরিষদ হলরুমে সমাপনী সভার আয়োজন করে বাস্তবায়নকারী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। ৩১ মে ২০২২ আয়োজিত সভায় সহকারী কমিশনার (ভূমি) নিয়তি রানী সাহা এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চারঘাট উপজেলা পরিষদ চেয়্যারম্যান আলহাজ্ব মোঃ ফকরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা সমাজসেবা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা মহিলা ভাইস চেয়্যারম্যান, অফিসার ইনচার্জ (চারঘাট থানা), মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সাংবাদিক, ইউপি চেয়্যারম্যান, সুশীল সমাজের প্রতিনিধি, ও এনজিও প্রতিনিধিবৃন্দ। প্রকল্প কর্মকর্তা মোসাঃ রাশিদা পারভীন এর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন উপজেলা স্যোস্যাল সাপোর্ট কমিটির সদস্যবৃন্দ, অপরাজিতা নারী, পুরুষ, কিশোর-কিশোরী, যুবক-যুবতী দলের সদস্যসহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



বক্তব্য দিচ্ছেন চারঘাট উপজেলার সহকারী কমিশনার (ভূমি) নিয়তি রানী

উল্লেখ্য মানুষের জন্য ফাউন্ডেশনের কারিগরী সহযোগিতায় এবং সুইডেনের অর্থায়নে এনডিপি সেপ্টেম্বর ২০২০ থেকে জুন ২০২২ পর্যন্ত প্রকল্পটি বাস্তবায়নে কাজ করেন। যার মূল উদ্দেশ্য ছিলো নারীর প্রতি সহিংস্তা মোকাবেলায় সুশীল সমাজ এবং সরকারী প্রতিষ্ঠানের সমতা বৃদ্ধি করা।

## প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিশেষ ক্যাম্প



বক্তব্য দিচ্ছেন প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির সহকারী ব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ।

সাইট সেভার্স এর সহযোগিতায় এবং সিরাজগঞ্জ জেলার অন্যতম চক্ষু সেবা প্রদানকারী হাসপাতাল প্রফেসর এম.এ. মতিন মেমোরিয়াল বিএনএসবি বেজ আই হসপিটাল এর কারিগরি সহায়তায় চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়। বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের চিকিৎসা সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করেন বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) বাস্তবায়িত প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচি।

২০ জুন ২০২২ ডিস্ট্রিক ইনকোসিভ আই কেয়ার প্রোগ্রাম- ডিআইইসিপি কর্মসূচির অংশ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের চক্ষু সেবা প্রদানের উদ্দেশ্যে এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির ঘুড়কা শাখায় এ আয়োজন করা হয়। বিশেষ এ ক্যাম্পের মাধ্যমে ২২২ জন চাহিদা সম্পন্ন ব্যক্তিকে (প্রতিবন্ধী) চিকিৎসা সেবা প্রদান করা হয়। এর মধ্যে ১১৫ জনকে চশমা এবং ৭৫ জনকে ঔষধ প্রদান এর পাশাপাশি ১৪ জন প্রতিবন্ধীর চোখে ছানি পরাজণিত সমস্যা সমাধানে বিনা খরচে অপারেশনের জন্য রেফার করা হয়।

ক্যাম্পেইন বাস্তবায়নের লক্ষ্যে সার্বিক সহযোগিতা করেন প্রকল্পের ফোকাল পারসন ও এনডিপির মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন ইউনিট এর উপ-পরিচালক কাজী মাসুদুজ্জামান। এছাড়াও ক্যাম্পে উপস্থিত ছিলেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির সহকারী ব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ, ডিআইইসিপি'র প্রকল্প কর্মকর্তা তপন কুমারসহ অন্যান্য সেবা প্রদানকারী ব্যক্তিবর্গ।

## ঝুঁকি পূর্ণ শিশু শ্রম নিরসন শিক্ষা কেন্দ্র পরিদর্শন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর অর্থায়নে পরিচালিত ঝুঁকি পূর্ণ শিশু শ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্পের শিক্ষা কেন্দ্র পরিদর্শন করেন রাজশাহী বিভাগীয় কলকারখানা অধিদপ্তরের শ্রম পরিদর্শক জাহিদুল ইসলাম। ৮ জুন ২০২২ রাজশাহী সিটি কর্পোরেশনের আওতাধীন ১৭, ১৮, ১৯ ও ২০ নং ওয়ার্ডের উপ-আনুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র গুলো তিনি পরিদর্শন করেন। এসময় তিনি বলেন- প্রকল্পটি খুব সংক্ষিপ্ত সময়ের হলেও, প্রকল্পটিকে ঘিরে সরকারের একটি বৃহৎ পরিকল্পনা রয়েছে। শিশুদেরকে প্রথম ছয়মাস আনুষ্ঠানিক শিক্ষা দেয়া সম্পন্ন হলে পরবর্তী চারমাস ট্রেড ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে। এর ফলে তারা ঝুঁকিবিহীন কাজ করার যোগ্যতা অর্জন করবে। একইসাথে তিনি চুক্তিবদ্ধ ১১১টি এনজিওসহ এনডিপি'র কথা উল্লেখ করে সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ধন্যবাদ জানান।



শিক্ষা কেন্দ্রে উপস্থিত আছেন রাজশাহী বিভাগীয় কলকারখানা অধিদপ্তরের শ্রম পরিদর্শক জাহিদুল ইসলাম

এসময় উপস্থিত ছিলেন উক্ত প্রকল্পের প্রোগ্রাম সুপারভাইজার ধর্মনারায়ণ রায়। এনডিপির পক্ষ থেকে উপস্থিত ছিলেন সংস্থার উপপরিচালক কাজী মাসুদুজ্জামান, সিনিয়র ব্যবস্থাপক (অডিট) কে এম জাহাঙ্গীর আলম ও শিক্ষা সুপারভাইজারগণ। উল্লেখ্য প্রকল্পটির আওতায় এনডিপি ৩৬ টি কেন্দ্রের মাধ্যমে (প্রতি কেন্দ্রে ২৫জন) মোট ৮৯৩ জন শিশুকে প্রশিক্ষণ প্রদান করবে এবং সকলেই ১০ মাস মেয়াদী প্রশিক্ষণ আওতাভূক্ত।

## গৃহহীনদের মাঝে গৃহ ঋণ বিতরণ



বক্তব্য দিচ্ছেন জোনাল ম্যানেজার এসএম সিরাজুল ইসলাম

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) বিভিন্ন স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি ঋণ সেবার মাধ্যমে যেমন তৈরি করতে সক্ষম হয়েছে নতুন উদ্যোক্তা ঠিক তেমনি অনেকেই ফিরে পেয়েছে তাদের আবাস। গৃহায়ণ কর্মসূচিটিও সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির পরিপূরক। বাংলাদেশ ব্যাংক এর অর্থায়নে এনডিপি ২০০৩ হতে কর্মসূচিটি বাস্তবায়ন করছে। দরিদ্র মানুষের আবাসন সুবিধা নিশ্চিত করাই কর্মসূচির মূখ্য উদ্দেশ্য।

এর-ই ধারাবাহিকতায় গৃহায়ণ কর্মসূচির আওতায় ২৬ এপ্রিল ২০২২ নাটোর জেলার সদর উপজেলার ০৮ জন গৃহহীন সদস্যের মাঝে ১০,৪০,০০০/- (দশ লক্ষ চল্লিশ হাজার টাকা) বিতরণ করা হয়। এসময় ঋণ সহায়তা কর্মসূচির জোনাল ম্যানেজার (নাটোর) এসএম সেরাজুল ইসলামসহ নাটোর শাখা ব্যবস্থাপক মো. ওয়ারিসুল ইসলাম ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## গুরুদাসপুরে সমৃদ্ধি কর্মসূচীর ফ্রি স্বাস্থ্য ক্যাম্প

পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচীর ফ্রি স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির কাছিকাটা শাখার ব্যবস্থাপনায় দিনব্যাপি অসহায় গরীব রোগীদের মাঝে স্বাস্থ্যসেবা প্রদানের উদ্দেশ্যে এ আয়োজন করা হয়।

২৩ মে ২০২২ মশিন্দা ইউনিয়নে আয়োজিত স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে ১৬৭ জনকে বিভিন্ন সেবা প্রদান করা হয়। চিকিৎসা সেবা প্রদান করেন, চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার মোঃ কফিল উদ্দিন, মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ আসিফ-আল-রশিদ এবং ডায়াবেটিকস্ বিশেষজ্ঞ ডাঃ সানজিদ হোসেন । মূলত মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এবং পুষ্টি ঘাটতি পূরণ করে দরিদ্র অসহায় মানুষের আর্থিক ক্ষতি লাঘব করাই এ কার্ক্রমের মূল উদ্দেশ্য।

চিকিৎসা ক্যাম্পে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৪ নং মশিন্দা ইউনিয়নের চেয়ারম্যান মো. আঃ বারী। এসময় তিনি সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, এ ধরনের স্বাস্থ্যসেবা দেওয়ায় এলাকার গরিব এবং মধ্যবিত্ত পরিবার বেশ উপকৃত হচ্ছে। তাই এনডিপির চলমান সকল কাজসহ এই ধরনের মহতী কাজ এলাকায় ব্যাপক আলোড়ন সৃষ্টি করেছে।




স্বাস্থ্য ক্যাম্পে উপস্থিত আছেন ৪ নং মশিন্দা ইউনিয়নের চেয়ারম্যান মোঃ আঃ বারী

ভবিষ্যতে অন্যান্য সেবাদানকারী প্রতিষ্ঠান গুলোও এমন ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এছাড়াও ক্যাম্পে ১ নং ওয়ার্ডের ইউপি সদস্য মো: সেলিম হোসেন জাহাঙ্গীর স্বপন এর উপস্থিতিতে সংস্থার সহকারী পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) কে.এম. শহিদুল ইসলাম, জোনাল ম্যানেজার এস.এম সিরাজুল ইসলাম, কর্মসূচি সমন্বয়কারী মোঃ কছিম উদ্দিন ও সুশীল সমাজের ব্যাক্তিবর্গসহ উপস্থিত ছিলেন।

# এনডিপি বার্তা

এপ্রিল - জুন, ২০২২ । সংখ্যা ৩২ । বর্ষ ১৪


## এনডিপি'র ৩০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর ৩০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। ০১ জানুয়ারি ১৯৯২ সালে প্রতিষ্ঠিত এনডিপি'র প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে দিনভর সাংস্কৃতিক আয়োজন ছাড়াও উৎসবমুখর পরিবেশে দিবসটি পালন করা হয়। সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর উপস্থিতিতে কেক কর্তনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষনা করেন সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা ম্যাজস্ট্রেট লুৎফুন নাহার। এসময় তিনি এনডিপি'র প্রশংসার মাধ্যমে বলেন, **"এনডিপি এখন শুধুমাত্র স্থানীয় পর্যায়ের কোন উন্নয়ন সংস্থা নয়, বরং এটি এখন বাংলাদেশের অন্যতম বেসরকারী উন্নয়ন সংস্থা গুলোর একটি। পাশাপাশি তিনি উদ্যোক্তাদের মডেল সংস্থা হিসেবেও এনডিপিকে আখ্যায়িত করেন।"** সংস্থার নির্বাহী পরিচালক তার বক্তব্যে বিগত দিনের সহকর্মীদের কথা স্মরণ পূর্বক সংস্থার ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সকলকে অবহিত করেন এবং জেলা প্রশাসনের আন্তরিকতা ও সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।

এসময় সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ মনির হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ মোবারক হোসেন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (ট্রেজারী, ব্যবসা ও বানিজ্য, গোপনীয় শাখা) মুরাদ হোসেন, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (রাজস্ব, রাজস্ব মুন্সিখানা, ভিপি সেল শাখা) মোঃ মাসুদ হোসেন ও তাদের পরিবারের অন্যান্য সদস্যসহ কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মেরিনা সুলতানা ও সহকারী কমিশনার (ভূমি) মোছাঃ নাজমুন নাহার উপস্থিত থেকে সাংস্কৃতিক অনুষ্ঠানে স্বেচ্ছায় অংশগ্রহণ করেন।



*কেক কর্তন করছেন সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান, সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা ম্যাজস্ট্রেট লুৎফুন নাহারসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ*

এছাড়াও অনুষ্ঠানে এনডিপি'র নির্বাহী পরিষদের সদস্যবৃন্দ, সংস্থায় কর্মরত সকল পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।


## কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

## খাবারের মূল্য তালিকা

| | |
|---|---|
| সকালের নাস্তা | : ৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : (১৭০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : ২০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : ৪৫ টাকা (২৫০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : ৪০ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার: | ১৫ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে। আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

## ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

## ডরমেটরী

| | | | |
|---|---|---|---|
| সাধারণ নন এসি কক্ষ | : | ৬০০.০০ | টাকা (ডাবল বেড) |
| এসি (ভিআইপি) কক্ষ | : | ১,০০০.০০ | টাকা (ডাবল বেড) |
| ডিলাক্স (এসি) কক্ষ | : | ১,৫০০.০০ | টাকা (ডাবল বেড) |
| লাক্সারি (এসি) কক্ষ | : | ১,২০০.০০ | টাকা (সিঙ্গেল বেড) |

## বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

## অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া



যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

টেলিফোন: ০৭৫১-৬৩৮৭৬, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭

ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট :www.ndpbd.org